

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন মাসিক মিয়া

গয়েশপুর বকশিপুর উচ্চ বিদ্যালয়ে শতভাগ শিক্ষার্থী অকৃতকার্য

🕒 ১০ মে, ২০১৮ ইং ০০:০০ মিঃ

মধুখালী (ফরিদপুর) সংবাদদাতা

এ বছর এসএসসি ও সমমান পরীক্ষায় মধুখালী উপজেলার মধ্যে একমাত্র গয়েশপুর বকশিপুর উচ্চ বিদ্যালয়টির শতভাগ শিক্ষার্থী ফেল করেছে। এ বছর উপজেলার ৩৮টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২ হাজার ৮শ ৭৯ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে। এরমধ্যে ১ হাজার ৯শ ৯৯ জন পরীক্ষার্থী পাস করেছে এবং ফেল করেছে ৮শ ৮০ জন। পাসের হার ৬৯.৪৩%। এর মধ্যে একটিমাত্র স্কুল গয়েশপুর বকশিপুর উচ্চ বিদ্যালয়টি থেকে নয়জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ফেল করেছে।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত